# সিনার

শরবত দীনার

**বিবরণ:** ভেষজগুলির প্রাকৃতিক মিশ্রন (জলীয় নির্যাস আকারে) এর সমন্বয়ে প্রস্তুত **সিনার** সিরাপ লিভার সুরক্ষা করে, লিভারের কার্যকারিতা শক্তিশালী করে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। এটি লিভারকে অটো ইমিউনিটি জনিত রোগ, প্রদাহ এবং জীবাণু সংক্রমণ (ভাইরাল হেপাটাইটিস) থেকে রক্ষা করে।

**উপাদান:** প্রতি ৫ মিলি **সিনার** সিরাপে আছে নিম্নোক্ত ভেষজ সমূহের (জলীয় নির্যাস আকারে):

| ক্রমিক নং | উপাদান | ব্যবহৃত অংশ | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | *Cichorium endivia* (কাসনী) | মূল | ৪০০ মিগ্রা |
| ২ | *Cichorium endivia* (কাসনী) | বীজ | ২০০ মিগ্রা |
| ৩ | *Rosa damascena* (গোলাপ) | ফুল | ২০০ মিগ্রা |
| ৪ | *Nymphaea alba* (শাপলা) | ফুল | ১০০ মিগ্রা |
| ৫ | *Borago officinalis* (গাওজবান) | পাতা | ১০০ মিগ্রা |
| ৬ | *Cuscuta reflexa* (কছুছ) | বীজ | ১৫০ মিগ্রা |
| ৭ | *Rheum emodi* (রেউচিনি) | রাইজোম | ৩০০ মিগ্রা |

সূত্র: শরবত দীনার, বা.জা.ই.ফ।

**সিনার সিরাপে ব্যবহৃত ভেষজ সমূহের ঔষধি গুণাগুণ:**

১. ***Cichorium endivia* (কাসনী):** লিভার অনিয়মের চিকিৎসায় কাসনী ফুল, বীজ এবং মূল ঔষধ হিসেবে ব্যবহৃত হয়। কাসনী নির্যাস যে কোন কম্বিনেষনে পিত্তরস নিঃসরণ ত্বরান্বিত করে এবং সে কারণে লিভারের জন্য খুবই ভালো। পিত্তরস নিঃসরণ ও এর প্রদাহরোধী বৈশিষ্ট্য আছে। এটি লিভারকে শক্তিশালী করে এবং পিত্তাধিকা জনিত প্লীহা বড় হওয়া রোধ করে। কাসনিতে ৪৫-৬০% ইনুলিন থাকে, যা রক্তে চর্বির মাত্রা কমাতে পারে।

২. ***Rosa damascena* (গোলাপ):** এ ফুল সামান্য কষায়কারক, বায়ু নিঃসারক, শান্তকারক, অবসাদনাশক এবং হৃদপিন্ডের শক্তিবর্ধক। এটি মস্তিষ্কের শক্তিবর্ধক, দুশ্চিন্তা দূর করে, মানসিক প্রশান্তিদায়ক, বুক ধড়ফড়ানি দূর করে, লিভার ও পাকস্থলির রোগে এটি উপকারী এবং দেহের অধিক তাপ কমায় ও অধিক পিপাসা নিবারন করে।

৩. ***Nymphaea alba* (শাপলা):** এ ফুল শীতলাকারক, প্রশান্তিদায়ক, হৃদপিন্ডের শক্তিবর্ধক, পুষ্টিকর, কষায়কারক, পচন নিবারক, জ্বর ও ব্যথানাথক, প্রদাহরোধী ও প্রস্রাববর্ধক স্নায়ুতন্ত্রের ওপর এর শান্তকারক ও নিদ্রাকারক প্রভাব আছে।

৪. ***Borago officinalis*** (গাওজবান): এটি পিত্তরস নিঃসরণ ঘটায় ও পিত্তথলির প্রদাহ হ্রাস করে।

৫. ***Cuscuta reflexa* (কছুছ বীজ):** এর বীজ বায়ু নিঃসারক, ক্রিমিনাশক, পরিবর্তনসাধক, দাস্তকারক, প্রস্রাববর্ধক, রক্ত পরিষ্কারক। এটি লিভার ও প্লীহার সমস্যায়, কোষ্ঠকাঠিণ্য ও পেট ফাপাঁয় উপকারী। এটি সামান্য দাস্তকারক ও প্রস্রাবতন্ত্রের সমস্যায় উপকারী।

৬. ***Rheum emodi* (রেউচিনি):** এটি বৃহদান্ত্র, প্লীহা এবং লিভার সমস্যায় উপকারী। এর মূল পাকস্থলির শক্তি বর্ধক, পরিবর্তন সাধক, কষায়কারক, তিতা ও বলকারক। কোষ্ঠকাঠিণ্য দূর করতে এর যেমন দাস্তকারক বৈশিষ্ট্য আছে, তেমনি এর বিপরীত কষায়কারক বৈশিষ্ট্যও আছে। এটি লিভারের কার্যক্রম শক্তিশালী করে, শ্লেষ্মিক কফ, বদ হজম, লিভার সিরোসিস, জন্ডিস ও ড্রপসিতে উপকারী।

**রোগ নির্দেশনা:** লিভারের প্রদাহ, জন্ডিস, জরায়ু প্রদাহ, শোথ ও কোষ্ঠকাঠিন্য।

**সেবনমাত্রা:** প্রাপ্ত বয়স্ক: ১০-১৫ মি.লি. (২-৩ চা চামচ), দৈনিক ২-৩ বার। শিশু: ৫-৭.৫ মি.লি. (১-১.৫ চা চামচ), দৈনিক ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** **সিনার** সিরাপে তেমন কোন পার্শ্বপ্রতিক্রিয়া পাওয়া যায়নি।

**প্রতি নির্দেশনা:** তেমন কোন প্রতি নির্দেশনা জানা যায়নি, তবে এর যে কোন উপাদানের প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রতিক্রিয়া দেখা যেতে পাবে।

**গর্ভাবস্থায়:** সিনার গর্ভকালীন সময়ে কোন অসুবিধা সৃষ্টি করে না।

**সংরক্ষণ:** আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহরূপ:** প্রতি পেট বোতলে ১০০ মিলি, ২০০ মিলি ও ৪৫০ মি.লি. সিনার সিরাপ আছে।


IBN SINA

দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ

(ইউনানী বিভাগ)

সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।